

**কবিতা/গল্প প্রকাশ**

নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :**- তারাপীঠ, দিঘা ,পুরী।

**বাগান বাড়ি :**- খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921**।





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 31 JANUARY 2026 ,SATURDAY | ৩১ জানুয়ারি ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-61


## ১ ফেব্রুয়ারির মধ্যেই সমস্ত শুনানির কাজ শেষের নির্দেশ নির্বাচন কমিশনের




এই যুগ, কলকাতা, ৩০ জানুয়ারি : রাজ্যে চলছে SIR শুনানির কাজ , এদিকে ডেডলাইন ও আসছে চলে , শুনানি সংক্রান্ত কাজ শেষ করতে তৎপর রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।এই বিষয়ে শুক্রবার নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়াল। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের স্পেশাল রোল অবজার্ভার সুব্রত গুপ্ত সহ প্রত্যেক DEO ও ERO । এদিন SIR শুনানি সংক্রান্ত বিষয়ে বেশ কিছু নয়া নির্দেশিকা দেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশ , আগামী ১ ফেব্রুয়ারি, রবিবার বিকেল পাঁচটার মধ্যে SIR শুনানির নোটিস দেবার কাজ সম্পন্ন করতে হবে । সাত দিনের মধ্যেই সমস্ত শুনানির কাজ সম্পন্ন করতে হবে। কমিশনের সার্ভারে ডকুমেন্ট আপলোডিং কাজ এই সাত দিনের মধ্যেই সম্পন্ন করতে হবে। সমস্ত মাইক্রো অবজার্ভারকে শুনানি কেন্দ্র থেকে সরিয়ে রোল অবজার্ভারদের কাজে সহায়তা করার জন্য নিযুক্ত করতে হবে। নির্বাচন কমিশনের নয়া নির্দেশে ,একটা কথা স্পষ্ট , রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন । এই বিধানসভা নির্বাচন যাতে সঠিক সময়ে হয় তারজন্য তড়িঘড়ি SIR কাজ সম্পন্ন করার জন্য তৎপর নির্বাচন কমিশন বলে মনে করছে রাজনৈতিক মহল ।

## পাথর বোঝাই ডাম্পারের চাপে ভেঙ্গে পড়লো সেতু ,বন্ধ যান চলাচল ক্ষুব্ধ এলাকাবাসী



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৩০ জানুয়ারি : পাথর বোঝাই ডাম্পারের চাপে ভেঙ্গে পড়লো কোচবিহার জেলার শীতলকুচী লালবাজার গ্রামপঞ্চায়েত এর বারোমাসি গ্রামের গিরিধারী সেতু। জানা গেছে শুক্রবার সকালে একটি পাথর বোঝাই ডাম্পার শীতলকুচী থেকে সিতাই যাবার পথে গিরিধারী নদীর সেতুতে ওঠার পর ডাম্পারের ওজন সইতে না পেরে বিকট শব্দে হুড়মুড়িয়ে সেতুটি ভেঙ্গে পড়ে। শব্দ শুনে এলাকাবাসী ছুটে আসেন ও দেখেন ভেঙ্গে পড়া সেতুর উপর পাথর বোঝাই ডাম্পার। ডাম্পারের চালক ও সহকারী চালক কোনোমতে লাফিয়ে নেমে পালিয়ে যান। এলাকাবাসী জানান দীর্ঘদিনের পুরনো সেতুটি অত্যন্ত দুর্বল হয়ে পড়েছিলো, সেতুতে ফাটল ও ছিলো। প্রশাসন তা সত্ত্বেও সেতুর দুদিকে কোনো সতর্কতামূলক বোর্ড লাগায়নি। তারা আরও জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর নিষেধ সত্ত্বেও গ্রামের সরু রাস্তা ধরে ভারী ডাম্পার চলাচল বন্ধ হয়নি। তারা আঙ্গুল তুলেছেন প্রশাসনের দিকে। প্রশাসন কঠোর হলে এবং দুর্বল সেতুর মুখে সতর্কতামূলক সাইন বোর্ড লাগালে এই দুর্ঘটনা ঘটতোনা। সেতুটি ভেঙ্গে পড়ায় যান চলাচল বন্ধ হয়ে গিয়েছে ফলে যাতায়াতের সমস্যায় পরবেন বিস্তীর্ণ এলাকার বাসিন্দারা। তাদের দাবি দ্রুত সাময়িকভাবে যাতায়াতের ব্যবস্থা করে নতুন সেতু নির্মানের ব্যবস্থা করুক প্রশাসন।

## নিষিদ্ধ নেশার ওষুধ সহ গ্রেপ্তার এক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩০ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ গোপন সুত্রে খবরের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে ফালাকাটা পৌরসভার পনেরো নম্বর ওয়ার্ডের বাবুপাড়ায় একটি বাড়িতে অভিযান চালিয়ে উদ্ধার করে প্রচুর পরিমান নিষিদ্ধ নেশার ক্যাপসুল ও ট্যাবলেট। গ্রেপ্তার করা হয় এক ব্যক্তিকে। পুলিশ সূত্রে জানানো হয় ধৃত ব্যক্তির নাম সুনীল মাহাতো, বিহারের সমস্তিপুর জেলার পুসা থানার চান্দাউলি এলাকার বাসিন্দা। সে বাবুপাড়ায় ভাড়া থাকে। তার হেফাজত থেকে উদ্ধার হয় ষোলো হাজার আটশোটি মাদক ক্যাপ্সুল ও তিন হাজার মাদক ট্যাবলেট ও একটি স্যামসাং মোবাইল ফোন। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি পর্ব সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত জারী রেখেছে।

## শিলিগুড়ির হায়দারপাড়ায় ফুটপাত দখল মুক্ত অভিযানে ট্রাফিক পুলিশ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৩০ জানুয়ারি : শিলিগুড়িতে প্রতিনিয়ত বিভিন্ন এলাকায় পুলিশের পক্ষ থেকে চলছে ফুটপাত দখল মুক্ত অভিযান। শুক্রবার শিলিগুড়ির হায়দারপাড়ায় ভক্তিনগর ট্রাফিক গার্ডের পক্ষ থেকে ফুটপাত দখল মুক্ত অভিযান চালানো হয়। এদিন ট্রাফিক গার্ডের আধিকারিকগন সহ কর্মীরা অভিযানে অংশ গ্রহন করেন। যেসব দোকানদার ফুটপাত দখল করে ব্যবসা চালাচ্ছেন বা ফুটপাতে বিভিন্ন ধরনের দোকান নিয়ে বসছেন এদিন তাদের সতরতক করে দেওয়া হয়েছে ও ফুটপাত ছেড়ে দিতে বলা হয়েছে। ট্রাফিক গার্ডের পক্ষ থেকে জানানো হয় পথচারীদের চলা সুগম করা ও যানবাহন চলাচলে বাধা দূর করে পথ দুর্ঘটনার আশঙ্কা কমানোর লক্ষ্যে এই অভিযান। এদিন ফুটপাত দখলকারীদের ফুটপাত খালি করে দেবার জন্য আবেদন জানানোর পাশাপাশি ভবিষ্যিতে ফুটপাত দখল করে ব্যবসা করলে তাদের বিরুদ্ধে কঠোর আইনী পদক্ষেপ গ্রহন করা হবে বলেও সতর্ক করে দেওয়া হয়েছে।

# গেস্ট হাউসে চুরি ,গ্রেপ্তার ৫



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জানুয়ারি : বনদফতরের গেস্ট হাউস থেকে উধাও একাধিক আসবাবপত্র, বৈদ্যুতিক সহ একাধিক সামগ্রী।বনদফতরের সাথে যৌথ অভিযানে নেমে চুরি যাওয়া সামগ্রী ও বহুমূল্যের কাঠ সহ এক অস্থায়ী বনকর্মী ও মোট পাঁচজনকে গ্রেফতার করলো কালচিনি থানার পুলিশ। এই বিরুদ্ধে রাজাভাতখাওয়া রেঞ্জ কার্যালয়ে তালা ঝুলিয়ে শুক্রবার বিক্ষোভ দেখায় তৃণমূল নেতৃত্বরা। বনদফতর সূত্রে খবর, বক্সা ব্যাঘ্র প্রকল্পে থাকা ব্যবসায়িক প্রতিষ্ঠান নিয়ে পরিবেশ আদালতে মামলা চলায় অনেকদিন ধরেই পরিত্যাক্ত অবস্থায় পড়ে ছিল রাজা ভাতখাওয়ার প্রজাপতির উদ্যান সংলগ্ন বনদফতরের গেস্ট হাউসটি।এরপরই সম্প্রতি সেখান থেকে খাট, দরজা সহ অন্যান্য আসবাবপত্র ও নানান বৈদ্যুতিক সামগ্রী চুরি যাওয়ার বিষয়টি নজরে আসে বক্সা ব্যাঘ্র প্রকল্পের বনকর্তাদের। এ নিয়ে গত বুধবার কালচিনি থানায় অভিযোগও জানান তারা। সেই ভিত্তিতে শংকর গোয়ালা নামে ব্যক্তিকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ চালাতেই বেরিয়ে আসে আসল সত্য।এরপরই বনদফতরের আধিকারিকদের নিয়ে এদিন রাজাভাতখাওয়ার মধুবন বস্তি, গারোবস্তি ও নয়া বস্তি এলাকায় অভিযান চালিয়ে এক অস্থায়ী কর্মী মাল পাহাড়িয়া সহ চারজনকে গ্রেফতার করে পুলিশ।পাশাপাশি, পুলিশ সূত্রে খবর এদের মধ্যে অনেকের বাড়িয়ে ও আবার কারও পড়শীর বাড়িতে গেস্ট হাউসের চুরি যাওয়া সামগ্রী ও নয়াবস্তি এলাকা থেকে বহু মূল্যের কাঠ উদ্ধার হয়েছে।অভিযুক্তদের এদিন অলিপুরদুয়ার আদালতে পাঠানো হয়েছে। অপরদিকে, নির্দোষদের গ্রেফতার করা হয়েছে বলে পাল্টা অভিযোগ তৃণমূল অঞ্চল চেয়ারম্যান গৌরাঙ্গ ভট্টাচার্যের।তিনি বলেন, "যারা দোষী তাদের না ধরে নির্দোষদের গ্রেফতার করা হয়েছে। আমার বনদফতরের এই স্বৈরাচারী মনভাবের বিরুদ্ধে আন্দোলনে নামবো।এছাড়া এদিন আমরা রাজা ভাতখাওয়া রেঞ্জ কার্যালয়ও বন্ধ করে রাখি।"এ বিষয়ে বক্সা উপক্ষেত্র অধিকর্তা হরি কৃষ্ণন পিজে বলেন, "ওই ব্যক্তি দৈনিক শ্রমিক হিসেবে রাজা ভাতখাওয়া রেঞ্জে কাজ করতেন। পুলিশের সহায়তায় এদিন সকল অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে।" গত বুধবার বক্সা ব্যাঘ্র প্রকল্পের বনকর্তা যার ভিত্তিতে বৃহস্পতিবার অভিযোগ পাওয়ার পর বনদফতরকে সাথে নিয়ে শুক্রবার কালচিনি ব্লকের রাজা ভাতখাওয়ার একাধিক এলাকায় অভিযান চালিয়ে মোট পাঁচজনকে গ্রেফতার করে পুলিশ।

# মাত্র ১০০০ টাকার জন্য 'খুঁটিতে বেঁধে নির্যাতন' ,অপমানে বিষ খেয়ে আত্মহত্যা এক ব্যক্তির ,চাঞ্চল্য ধূপগুড়িতে



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ৩০ জানুয়ারি : মাত্র এক হাজার টাকা ঘর ভাড়া বাকি থাকায় এক প্রৌঢ়কে খুঁটিতে বেঁধে নির্যাতন ও চরম অপমানের অভিযোগ উঠল বাড়িওয়ালার বিরুদ্ধে। এই অপমান সহ্য করতে না পেরে বিষ খেয়ে আত্মহত্যা করলেন পেশায় বাদক ঝন্টু দাস (৬০)। শুক্রবার এই ঘটনাকে কেন্দ্র করে ধূপগুড়ি পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের দেশবন্ধু পাড়া এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে।স্থানীয় সূত্রে খবর, মাসখানেক আগে অমর দে নামে এক ব্যক্তির বাড়িতে ভাড়া আসেন ঝন্টু বাবু। অভাবের সংসারে ভাড়ার সব টাকা একসঙ্গে দিতে পারেননি তিনি। অভিযোগ, মাত্র ১০০০ টাকার জন্য অমর দে ওই পরিবারটিকে ঘর থেকে বের করে দিয়ে দরজায় তালা ঝুলিয়ে দেন। শুধু তাই নয়, ঝন্টু দাসকে খুঁটিতে বেঁধে অকথ্য ভাষায় গালিগালাজ ও শারীরিক নির্যাতন করা হয় বলে দাবি করেছেন প্রতিবেশীরা।এই চরম অপমানে সহ্য করতে না পেরে দীর্ঘ সুইসাইড নোট লিখে বিষপান করেন ওই বৃদ্ধ। শুক্রবার দেহ বাড়িতে আনা হলে ক্ষোভে ফেটে পড়ে মৃতের পরিবার ও এলাকাবাসী। অভিযুক্তের শাস্তির দাবিতে মৃতদেহ আগলে রেখে বাড়ির সামনেই বিক্ষোভ দেখান স্বজনরা। স্থানীয়দের অভিযোগ, অভিযুক্ত অমর দে আগেও অনেকের সাথে দুর্ব্যবহার করেছেন।পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। পলাতক অভিযুক্তের খোঁজে তল্লাশি চলছে।

# হাতির হামলায় মৃত চা শ্রমিক, আতঙ্ক চা বাগানে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩০ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের সংকোশ চা বাগানে বুনো হাতির হামলায় বৃহস্পতিবার রাতে মৃত্যু হয় এক চা শ্রমিকের। মৃত শ্রমিকের নাম আনন্দ মিঞ্জ। সে চা বাগানের জলসেচ বিভাগের চৌকিদার পদে কর্মরত ছিলো। জানা গেছে বৃহস্পতিবার চা বাগানের নর্থ ডিভিশনের কুড়ি নম্বর সেকশনে জল সেচের  কাজ চলছিলো। রাতে খাবার পর আনন্দ এবং আরেকজন চৌকিদার বাগানের ভেতরেই একটি গাছের নীচে শুয়েছিলো।সেই সময় একটি বুনো হাতি সেখানে চলে আসে। হাতি দেখে আনন্দের সাথী পালাতে সক্ষম হলেও আনন্দ পালাতে পারেনি। হাতিটি তার উপর হামলা চালায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় আনন্দের। খবর পেয়ে চা বাগানের ম্যানেজার সহ শ্রমিকরা ঘটনাস্থলে পৌঁছান। তারা খবর দেন বন দপ্তরের কুমারগ্রাম রেঞ্জে ও থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান বন দপ্তরের কর্মীরা এবং কুমারগ্রাম থানার পুলিশ কর্মীরা। মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠায় পুলিশ। চা বাগান কর্তৃপক্ষ জানান মৃত শ্রমিকের পরিবারে সব রকম সহায়তা প্রদান করা হবে ও চা বাগান কর্তৃপক্ষ পরিবারের পাশে থাকবে। বন দপ্তর সূত্রে জানানো হয় মৃত শ্রমিকের পরিবারকে সরকারি নিয়ম মেনে আর্থিক সহায়তা প্রদান করা হবে। শ্রমিকের মৃত্যুতে আতঙ্ক ছড়িয়েছে চা বাগান এলাকায়।


**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



# জুয়ার বিরুদ্ধে অভিযান জটেশ্বর পুলিশের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩০ জানুয়ারি : যত্রতত্র গজিয়ে উঠা অবৈধ জুয়ার ঠেকের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিল জটেশ্বর ফাঁড়ির পুলিশ। শুক্রবার দুপুরে ফালাকাটা ব্লকের জটেশ্বর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের দলগাঁও বস্তি এলাকায় অভিযান চালায় পুলিশ। জটেশ্বর পুলিশ ফাঁড়ির ওসি দেবাশীষ রঞ্জন দেবের নেতৃত্বে পুলিশ ওই এলাকায় গড়ে ওঠা অবৈধ জুয়ার ঠেক ভেঙে গুড়িয়ে দেওয়া হয়। যদিও অভিযানের সময় কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই ওই এলাকায় অবৈধ জুয়ার আসর বসার অভিযোগ উঠছিল। অভিযোগের ভিত্তিতেই এদিন আচমকা অভিযান চালানো হয়। জটেশ্বর পুলিশ ফাঁড়ির ওসি দেবাশীষ রঞ্জন দেব জানান, অবৈধ জুয়া ও অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে এই ধরনের অভিযান নিয়মিত ও ধারাবাহিক ভাবে চলবে। পুলিশের এই সক্রিয়তায় সন্তোষ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা।

# একাধিক দাবিতে রাজগঞ্জ বিডিও অফিস অভিযান বামপন্থী গণ সংগঠনের




সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ৩০ জানুয়ারি : SIR-এর নামে সাধারণ মানুষকে হেনস্থা বন্ধসহ একাধিক দাবিতে রাজগঞ্জ বিডিও অফিস অভিযান করল বামপন্থী গণ সংগঠনসমূহের যৌথ মঞ্চ।শুক্রবার রাজগঞ্জ থানা মোড় থেকে যৌথ মঞ্চের উদ্যোগে একটি প্রতিবাদ মিছিল শুরু হয়। মিছিলটি বিডিও অফিসের দিকে অগ্রসর হলে অফিসের সামনে রাজগঞ্জ থানার বিশাল পুলিশ বাহিনী তা আটকে দেয়। এর প্রতিবাদে আন্দোলনকারীরা বিডিও অফিস সংলগ্ন ফাটাপুকুর–রাজগঞ্জ রাজ্য সড়কে বসে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন।বিক্ষোভের জেরে কিছু সময়ের জন্য রাজ্য সড়কে যান চলাচল ব্যাহত হয়। পরিস্থিতি উত্তপ্ত হলেও শেষ পর্যন্ত আন্দোলনকারীরা ডেপুটেশন জমা না দিয়েই কর্মসূচি প্রত্যাহার করে ফিরে যান। আন্দোলনকারীরা জানান,SIR-এর অজুহাতে সাধারণ মানুষের উপর অকারণ হেনস্থা অবিলম্বে বন্ধ করতে হবে। পাশাপাশি ১০০ দিনের কাজ নিয়মিত চালু করা, চা বাগানের শ্রমিকদের ন্যূনতম মজুরি নিশ্চিত করা এবং শ্রম কোড বাতিলের দাবিও তোলা হয়।এছাড়াও রাজগঞ্জে কর্মসংস্থানমুখী শিল্প স্থাপন, দীর্ঘদিন ধরে বন্ধ থাকা SSK ও MSK পুনরায় চালু করা, রাজগঞ্জ কলেজে বিজ্ঞান বিভাগ চালু করা এবং অবিলম্বে সমস্ত স্কুলে শূন্যপদ পূরণের দাবিতে ডেপুটেশন দিতে এসে আন্দোলনকারীরা রাস্তায় বিক্ষোভ দেখান। এদিন ডেপুটেশন না দেওয়া হলেও আগামী দিনে বৃহত্তর আকারে আন্দোলন সংগঠিত করে বিডিও অফিসে ডেপুটেশন জমা দেওয়া হবে বলে হুঁশিয়ারি দেন আন্দোলনকারীরা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |